গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য অধিদফতর
বাংলাদেশ সচিবালয়
ঢাকা।

সংবাদ গতিধারা

ঢাকা, বৃহস্পতিবার ৩০ এপ্রিল ২০১৫, ১৭ বৈশাখ ১৪২২

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয়গুলোকে প্রাধান্য দিয়ে খবর ছেপেছে :

১। নির্বাচনে গণতন্ত্রের বিজয় হয়েছে : প্রধানমন্ত্রী

২। সেনানিবাসে সৈনিকদের আবাসিক এলাকার উদ্বোধন করলেন প্রধানমন্ত্রী

৩। তিন বছরের মধ্যে বাজেট আকার দ্বিগুণ হবে : প্রাক-বাজেট আলোচনায় অর্থমন্ত্রী

৪। দেশে ৮ মেডিকেল বিশ্ববিদ্যালয় ও কলেজে অবকাঠামো নির্মাণে চীনা কোম্পানির আগ্রহ

৫। বিসিআইএম কার্যকর হলে ভারত ও চীনের সঙ্গে বাণিজ্য ঘাটতি কমবে : বাণিজ্যমন্ত্রী

৬। রিজার্ভ ২৪শ'কোটি ডলার ছাড়িয়েছে

৭। গ্রামীণ ব্যাংকের ৯ পরিচালকের পদ শূন্য ঘোষণা কেন অবৈধ নয় : হাইকোর্টের রুল

৮। সবাইকে নিয়ে একসঙ্গে পথ চলার অঙ্গীকার ঢাকার দুই মেয়রের

৯। শ্রমিকের স্বার্থে শ্রম আপিল আদালত ঢেলে সাজানো হবে : আইনমন্ত্রী

১০। সরকারের উন্নয়ন প্রকল্পে পরিবেশকে প্রাধান্য দেয়া হচ্ছে : পরিবেশ ও বনমন্ত্রী

১১। পোশাক খাতের রপ্তানির বিপরীতে উৎসে করহার ৩০ শতাংশ বহাল রাখার দাবি শিল্পমালিকদের

চলমান পাতা/২

১। নির্বাচনে গণতন্ত্রের বিজয় হয়েছে : প্রধানমন্ত্রী

প্রধানমন্ত্রী ও আওয়ামী লীগ সভানেত্রী শেখ হাসিনা বলেছেন, সদ্য সমাপ্ত তিন সিটি কর্পোরেশন নির্বাচন সুষ্ঠু ও নিরপেক্ষভাবে হয়েছে। এ নির্বাচনে সন্ত্রাসী-জঙ্গিবাদী ও নাশকতাকারীদের বিজয় হয়নি, বিজয় হয়েছে গণতন্ত্রের। গতকাল ২৯ এপ্রিল বুধবার গণভবনে ঢাকা উত্তর ও দক্ষিণ সিটি কর্পোরেশন নির্বাচনে বেসরকারিভাবে নির্বাচিত আওয়ামী লীগ সমর্থিত দুই মেয়র যথাক্রমে আনিসুল হক ও সাঈদ খোকন এবং নির্বাচিত কাউন্সিলরদের উদ্দেশে বক্তব্য রাখতে গিয়ে প্রধানমন্ত্রী এ কথা বলেন। রাতে গণভবনে গিয়ে তারা প্রধানমন্ত্রীর সঙ্গে সাক্ষাৎ করেন। প্রধানমন্ত্রী তাদের সঙ্গে শুভেচ্ছা বিনিময় ও ধন্যবাদ জ্ঞাপন করেন। সূত্র-ইত্তেফাক (পৃ.১,ক.৬), ইনকিলাব লিড নিউজ, যায়যায়দিন (শেষ পৃ.,ক.৬), ডেইলি স্টার (পৃ.১,ক.৮), ইন্ডিপেনডেন্ট (শেষ পৃ.,ক.২)।

২। সেনানিবাসে সৈনিকদের আবাসিক এলাকার উদ্বোধন করলেন প্রধানমন্ত্রী

প্রধানমন্ত্রী শেখ হাসিনা গতকাল ২৯ এপ্রিল বুধবার ঢাকার সেনানিবাসে সৈনিকদের জন্য আবাসিক এলাকা উদ্বোধন করেন। এছাড়াও অফিসার, জেসিও ও সৈনিকদের জন্য একই এলাকায় থাকার আবাসিক এলাকাও উদ্বোধন করেন তিনি। এর মধ্য দিয়ে সেনা সদস্যদের বাসস্থানের সমস্যা প্রায় সমাধানের পথে। বিশেষ করে বছরের পর বছর সৈনিকরা এক বেডে দুইজন ও অস্বাস্থ্যকর পরিবেশে অবস্থান করে আসছিলেন। সেনাবাহিনীর প্রধান সেনাবাহিনীর আধুনিকায়ন ও উন্নয়নে প্রধানমন্ত্রীর প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করেন। সূত্র-ইত্তেফাক (পৃ.১৯,ক.৬), জনকণ্ঠ (পৃ.১,ক.৮), ডেইলি সান (পৃ.৩,ক.১), নিউ এজ (পৃ.৩,ক.৩)।

৩। তিন বছরের মধ্যে বাজেট আকার দ্বিগুণ হবে : প্রাক-বাজেট আলোচনায় অর্থমন্ত্রী

অর্থমন্ত্রী আবুল মাল আবদুল মুহিত বলেছেন, গত পাঁচ বছরে অভ্যন্তরীণ সম্পদ সংগ্রহে প্রবৃদ্ধির হার ছিল দুই শতাংশের বেশি। আগের চেয়ে এই প্রবৃদ্ধির হার উল্লেখযোগ্য। ২০১৮ সালে জাতীয় বাজেটের আকার পাঁচ লাখ কোটি টাকা করলে এটি হবে আর্থিক দিকে থেকে শক্তিশালী প্রবৃদ্ধি। গতকাল ২৯ এপ্রিল বুধবার অর্থ মন্ত্রণালয়ে ইকোনোমিক রিপোর্টার ফোরামের সদস্যদের সঙ্গে বাজেট পূর্ব আলোচনায় অর্থমন্ত্রী একথা বলেন। সূত্র-ইত্তেফাক (শেষ পৃ.,ক.৬), জনকণ্ঠ (শেষ পৃ.,ক.১), ডেইলি সান (শেষ পৃ.,ক.১), ইন্ডিপেনডেন্ট (শেষ পৃ.,ক.১)।

৪। দেশে ৮ মেডিকেল বিশ্ববিদ্যালয় ও কলেজে অবকাঠামো নির্মাণে চীনা কোম্পানির আগ্রহ

দেশের নতুন দুইটি মেডিকেল বিশ্ববিদ্যালয় এবং ৬টি মেডিকেল কলেজ নির্মাণ, ভৌত অবকাঠামোগত এবং যন্ত্রপাতি স্থাপনে চীনা বেসরকারি প্রতিষ্ঠান ইন্টারন্যাশনাল ইঞ্জিনিয়ারিং ডিপার্টমেন্ট, সিনোম্যাক আগ্রহ প্রকাশ করেছে। গতকাল ২৯ এপ্রিল বুধবার সচিবালয়ে কোম্পানির মহাব্যবস্থাপক শি উয়েঝো-এর নেতৃত্বে চার সদস্যের একটি প্রতিনিধিদল স্বাস্থ্যমন্ত্রী মোহাম্মদ নাসিমের সাথে সাক্ষাৎকালে এই আগ্রহের কথা জানান। চীনা কোম্পানি এক্ষেত্রে সহজশর্তে ঋণ প্রদানের প্রস্তাব তুলে ধরে বাংলাদেশের সাথে যৌথভাবে কাজ করতে চায়। সূত্র-ইনকিলাব (পৃ.৩,ক.৫), ভোরের কাগজ (শেষ পৃ.,ক.৮)।

৫। বিসিআইএম কার্যকর হলে ভারত ও চীনের সঙ্গে বাণিজ্য ঘাটতি কমবে : বাণিজ্যমন্ত্রী

বাণিজ্যমন্ত্রী তোফায়েল আহমেদ বলেছেন, বিশ্ববাণিজ্যে সার্কভুক্ত দেশসমূহের অবদান কম। বাংলাদেশ চায়না-ইন্ডিয়া-মিয়ানমার (বিসিআইএম) যোগাযোগ স্থাপন হলে এই বাণিজ্যের পরিমাণ অনেক বেড়ে যাবে। বিসিআইএম এ অঞ্চলের বাণিজ্যিক সুবিধা সৃষ্টি করবে। গতকাল ২৯ এপ্রিল বুধবার সাম্যবাদী দল আয়োজিত 'বিসিআইএম অর্থনৈতিক করিডোর : দক্ষিণ এশিয়ায় সংহতিকরণ' শীর্ষক এক আলোচনা সভায় প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। সূত্র-ইত্তেফাক (পৃ.৩,ক.১), জনকণ্ঠ (পৃ.১৮,ক.২), ডেইলি সান (পৃ.৫,ক.১)।

৬। রিজার্ভ ২৪শ'কোটি ডলার ছাড়িয়েছে

বাংলাদেশ ব্যাংকে রক্ষিত বৈদেশিক মুদ্রার রিজার্ভ প্রথমবারের মতো ২৪শ' কোটি ডলার ছাড়িয়েছে। এর আগে গত ফেব্রুয়ারিতে রিজার্ভ ২৩শ' কোটি ডলারের মাইলফলক অতিক্রম করে। রপ্তানি ও রেমিটেন্সে ভাল প্রবৃদ্ধির পাশাপাশি বেসরকারি খাতে প্রচুর বিদেশি ঋণ আসার ফলে বৈদেশিক মুদ্রার রিজার্ভ বাড়ছে বলে সংশ্লিষ্টরা জানিয়েছেন। সূত্র-জনকণ্ঠ (পৃ.১,ক.৪), যায়যায়দিন (শেষ পৃ.,ক.৫)।

৭। গ্রামীণ ব্যাংকের ৯ পরিচালকের পদ শূন্য ঘোষণা কেন অবৈধ নয় : হাইকোর্টের রুল

গ্রামীণ ব্যাংকের নির্বাচিত নয়জন পরিচালকের পদ শূন্য ঘোষণা করে অর্থ মন্ত্রণালয়ের দেয়া চিঠি কেন অবৈধ ঘোষণা করা হবে না তা জানতে চেয়ে রুল জারি করেছে হাইকোর্ট। আগামী দশ দিনের মধ্যে অর্থ মন্ত্রণালয়সহ সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে রুলের জবাব দিতে বলা হয়েছে। এক রিট আবেদনের প্রাথমিক শুনানি নিয়ে বিচারপতি ফারাহ মাহবুব ও বিচারপতি কাজী মো. ইজারুল হক আকন্দের ডিভিশন বেঞ্চ গতকাল ২৯ এপ্রিল বুধবার এই আদেশ দেন। সূত্র- ইত্তেফাক (পৃ.৩,ক.৮), জনকণ্ঠ (পৃ.১৯,ক.৮), ডেইলি স্টার (শেষ পৃ.,ক.৮), ইন্ডিপেনডেন্ট (পৃ.১৯,ক.২)।

৮। সবাইকে নিয়ে একসঙ্গে পথ চলার অঙ্গীকার ঢাকার দুই মেয়রের

সবাইকে নিয়ে একসঙ্গে পথ চলা, বিশ্বমানের আধুনিক ও সবুজ নগরী গড়ে তোলার অঙ্গীকার করেছেন আওয়ামী লীগ সমর্থিত ঢাকা উত্তর ও দক্ষিণে নব নির্বাচিত দুই মেয়র আনিসুল হক ও সাঈদ খোকন। ভোট গণনা শেষে রিটার্নিং কর্মকর্তারা বেসরকারিভাবে ফল ঘোষণার পরপরই সংবাদ সম্মেলন করে তারা এই অঙ্গীকারের কথা

তুলে ধরেন। প্রথমবারের মতো নির্বাচন করে বিজয়ী হওয়া দুই মেয়র প্রার্থীই ক্ষমতার অপব্যবহার না করে দুর্নীতিমুক্ত নগরভবন গড়ে তোলার প্রতিশ্রুতি দেন। বিকেলে ধানমন্ডি ৩২ নম্বরে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতিতে পুষ্পার্ঘ্য অর্পণ করেন তারা। রাতে প্রধানমন্ত্রী শেখ হাসিনার সঙ্গে বৈঠক করেন ঢাকা ও চট্টগ্রামের তিন নবনির্বাচিত মেয়র। সূত্র-জনকণ্ঠ (শেষ পৃ.,ক.৪), ভোরের কাগজ লিড, বাংলাদেশ অবজারভার (পৃ.১,ক.১), নিউজ টুডে (পৃ.১,ক.১)।

৯। শ্রমিকের স্বার্থে শ্রম আপিল আদালত ঢেলে সাজানো হবে : আইনমন্ত্রী

জনগণের কল্যাণে শ্রম আপিল ট্রাইব্যুনালকে ঢেলে সাজানো হবে। শ্রমিকদের যাতে কষ্ট না হয়, শ্রম ট্রাইব্যুনালেই যাতে মামলাগুলো নিষ্পত্তি হয় সে ব্যবস্থা করতে হবে। বর্তমান সরকার দেশে আইনের শাসন প্রতিষ্ঠা করতে বদ্ধপরিকর। ঘাম শুকানোর আগেই শ্রমিকদের মজুরি দেয়ার কথা বলা আছে, আমরা এটাকে বিলম্বিত করতে পারি না। তার জন্য যে পদক্ষেপ নিতে হয় তা নেব। কাঁকরাইল মোড়ে শ্রম আপিল ট্রাইব্যুনাল কার্যালয় উদ্বোধন ও মতবিনিময় অনুষ্ঠানে আইনমন্ত্রী আনিসুল হক এ কথা বলেন। সূত্র-জনকণ্ঠ (পৃ.২,ক.১), সমকাল (পৃ.১৩,ক.৬)।

১০। সরকারের উন্নয়ন প্রকল্পে পরিবেশকে প্রাধান্য দেয়া হচ্ছে : পরিবেশ ও বনমন্ত্রী

পরিবেশ ও বন মন্ত্রী আনোয়ার হোসেন মঞ্জু বলেছেন, বর্তমান সরকার পরিবেশ দূষণজনিত সমস্যাকে সর্বাধিক গুরুত্ব দিচ্ছে। এজন্য দাতা দেশ ও সংস্থার পাশাপাশি নিজস্ব অর্থায়নে বিভিন্ন প্রকল্প বাস্তবায়ন করছে। তিনি বলেন, অর্থনৈতিক উন্নয়নকে টেকসই করার জন্য সরকারের গৃহীত উন্নয়ন প্রকল্পগুলোতে পরিবেশের বিষয়টিকে প্রাধান্য দেয়া হচ্ছে। গতকাল ২৯ এপ্রিল বুধবার সচিবালয়ে ইউরোপ এবং পূর্ব এশিয়ার চারটি দেশের রাষ্ট্রদূতের সাথে বৈঠককালে আনোয়ার হোসেন মঞ্জু এসব কথা বলেন। সূত্র-ইত্তেফাক (শেষ পৃ., ক.৫)।

১১। পোশাক খাতের রপ্তানির বিপরীতে উৎসে করহার ৩০ শতাংশ বহাল রাখার দাবি শিল্পমালিকদের

রপ্তানির বিপরীতে বর্তমানে বহাল দশমিক ৩০ শতাংশে উৎসে করহার আগামী পাঁচ বছর না বাড়ানোর দাবি জানিয়েছেন তৈরি পোশাক রপ্তানিকারক ও সংশ্লিষ্ট শিল্পমালিকরা। একই সঙ্গে এটিকেই চূড়ান্ত কর হিসেবে গণ্য করারও প্রস্তাব দিয়েছেন তারা। এছাড়া কারখানাগুলোর সক্ষমতা বাড়াতে বাজেটে প্রিফেব্রিকেটেড বিল্ডিং তৈরি ও ইটিপি স্থাপনে যন্ত্রপাতি আমদানিতে শুল্ক সুবিধাসহ বেশ কিছু প্রস্তাব দিয়েছেন শিল্পমালিকরা। গতকাল ২৯ এপ্রিল বুধবার জাতীয় রাজস্ব বোর্ডের (এনবিআর) সম্মেলনকক্ষে প্রাক-বাজেট আলোচনায় অংশ নিয়ে তৈরি পোশাক রপ্তানিকারক ও ব্যাকওয়ার্ড লিংকেজ শিল্পমালিকদের সংগঠন বিজিএমইএ, বিকেএমইএ, ইএবি এবং বিজিএপিএমইএ এর নেতারা এসব প্রস্তাবনা তুলে ধরেন। সূত্র-সংবাদ (শে পৃ.,ক.২), প্রথম আলো (পৃ.১৩,ক.৪), ইনকিলাব (শে পৃ.,ক.১)।

## সম্পাদকীয়

ক. প্রথম আলো, জনকণ্ঠ, সংবাদ, সমকাল, যুগান্তর, ইনকিলাব, যায়যায়দিন, ডেইলি স্টার, ডেইলি সান, বাংলাদেশ অবজারভার, ইন্ডিপেনডেন্ট : তিন সিটি কর্পোরেশন নির্বাচনের ফলাফল সব রাজনৈতিক দলকে মেনে নিয়ে দেশের মানুষের স্বার্থে সহিংস রাজনীতির বদলে প্রজ্ঞা ও দূরদর্শিতার পরিচয় দেওয়ার আহ্বান;

খ. ইত্তেফাক : মেধাসম্পদের সুরক্ষায় কঠোর আইন প্রয়োগের সুপারিশ;

গ. জনকণ্ঠ : রাজধানীর ৬৫ ভাগ এলাকা বহুতল ভবন নির্মাণের উপযোগী নয় এ রিপোর্ট প্রকাশিত হওয়ায় উদ্বেগ প্রকাশ করে বড় ধরনের দুর্যোগ এড়াতে বহুতল ভবন নির্মাণের ব্যাপারে যে আইন ও নীতিমালা রয়েছে তা সর্বক্ষেত্রে মেনে চলার ওপর গুরুত্বারোপ;

ঘ. সংবাদ : বিজিবি ভারত থেকে আসা মৈত্রী এক্সপ্রেস ট্রেনে অবৈধ মালামাল আনার অভিযোগে যাত্রীদের তল্লাশির নামে হয়রানি করায় তা যথাযথ তদন্তের সুপারিশ;

ঙ. যায়যায়দিন : মোবাইল ফোন সেট আমদানিতে শুল্ক ফাঁকির ঘটনা বন্ধ না হওয়ায় এ ব্যাপারে যথাযথ ব্যবস্থা নেওয়ার দাবি;

চ. প্রথম আলো, ডেইলি স্টার : সিটি কর্পোরেশন নির্বাচনের সময় প্রার্থীদের কর্মী সমর্থকদের দ্বারা সাংবাদিকদের ওপর হামলার ঘটনা উদ্বেগজনক উল্লেখ করে এ ঘটনার জন্য দায়ীদের বিচারের মাধ্যমে দৃষ্টান্তমূলক শাস্তির দাবি;

ছ. বাংলাদেশ টুডে : সড়ক দুর্ঘটনা রোধে কার্যকর পদক্ষেপ নেওয়ার আহ্বান;

জ. ইন্ডিপেনডেন্ট : গরিবদের অধিকার নিশ্চিত করতে নজর দেওয়ার সুপারিশ জানিয়ে সম্পাদকীয় প্রকাশ করেছে।

## উপ-সম্পাদকীয়

ইত্তেফাক পত্রিকায় প্রকাশিত কলামে উন্নত ভবিষ্যৎ সৃষ্টির জন্য আমাদের সাংস্কৃতিক ভিত্তি সম্পর্কে সঠিক ধারণা অবলম্বন করতে হবে বলে উল্লেখ করা হয়েছে।

## নিবন্ধ ও ফিচার

যায়যায়দিন পত্রিকায় প্রকাশিত ‘বিতর্কিত সিটি নির্বাচন ও জনপ্রত্যাশা’ শিরোনামের নিবন্ধে আশরাফ

হোসেন নির্বাচন সুষ্ঠু না হলে কেবল সরকার ও নির্বাচন কমিশনই প্রশ্নবিদ্ধ হয় না গণতন্ত্রও প্রশ্নবিদ্ধ হয় বলে অভিমত প্রকাশ করেছেন।

#